দামুড়হুদায় মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থার বার্ষিক মতবিনিময় সভা

নারীর প্রতি সহিংসতা কমিয়ে এনে নারী অধিকার প্রতিষ্ঠা, বাল্য বিবাহের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলাসহ নির্যাতিত নারীদের দির্ঘদিন ধরে আইনি সহায়তা দিয়ে আসছে মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থা। এরই ধারাবাহিকতায় দামুড়হুদায় সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, গণমাধ্যম কর্মীসহ বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দের সাথে মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থার বার্ষিক মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ সভাকক্ষে মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম। এ ছাড়াও উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার ওসি (অপারেশন) শফিউল আলম, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, পারকৃষ্ণপুর-মদনা ইউপি চেয়ারম্যান এসএএম জাকারিয়া আলম, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার ইপসি, উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জল হোসেন, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, ব্র্যাকের এরিয়াম্যানেজার শংকর মহাজন, সিডিও’র সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, নারী নির্যাতন প্রতিরোধ কমিটির সদস্য জয়িতা নাজমা খাতুন প্রমুখ।

শুরুতেই প্রকল্পের সার্বিক চিত্র তুলে ধরেন সংস্থার সহ-সমন্বয়কারী ফরহাদ আলী খান। সংস্থার সার্বিক কার্যক্রম বিষয়ে আলোকপাত করেন প্রকল্প সমন্বয়কারী উম্মে সালমা। বার্ষিক প্রতিবেদন তুলে ধরেন সংস্থার প্রকল্প কর্মকর্তা দিল তৌহিদা পারভীন।

সার্বিক সহযোগিতায় ছিলেন সংস্থার অফিস সহকারী হাবিবুর রহমান।